

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা
www.bkkb.gov.bd


০৫.৮১.০০০০.০১৩.৩১.০০১.২২.১০৮

তারিখ: ১৯/০৫/২০২২

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের অনলাইনে প্রাপ্ত শিক্ষাবৃত্তির আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের নির্দেশনা

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, ২০২১-২০২২ অর্থবছরে শিক্ষাবৃত্তির জন্য অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ নিম্নোক্তভাবে যাচাই-বাছাই করার নির্দেশনা প্রদান করা হলো।

- ০১। আবেদনসমূহ বাছাই করার জন্য প্রত্যেক ইউজারগণ তার ড্যাশবোর্ডের “কর্মরত (১৩-২০ প্রেড)” এ গিয়ে ডায়েরি নম্বর দিয়ে বাছাই করতে পারবেন;
- ০২। কোডিড-১৯ এর কারণে যে সকল প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা হয়েছে সেই পরীক্ষার মার্কশীট গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। তবে কোন কর্মচারী তার সভানের মার্কশীট না দিয়ে প্রত্যয়ন পত্র দিলেও তা গ্রহণযোগ্য হবে;
- ০৩। অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ Print Out করে যাচাই-বাছাই ও অডিটের জন্য সংরক্ষণ করতে হবে;
- ০৪। ২০২১ সালে যে সকল ছাত্র/ছাত্রী এস.এস.সি ও এইচ.এস.সি পাশ করেছে তাদের ক্ষেত্রে অনলাইন মার্কশীট গ্রহণযোগ্য হবেন, তবে যারা কলেজে অথবা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছেন তাদেরকে অব্যশ্যই কলেজ প্রধান অথবা বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশ নিতে হবে; যে সকল ছাত্র/ ছাত্রী কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজে ভর্তি এখনো ভর্তি হতে পারেননি তাদের ক্ষেত্রে পূর্বের কলেজ অর্থাৎ যে কলেজ থেকে সে এইচ.এস.সি পাশ করেছে সেই কলেজের প্রধান কর্তৃক আবেদনে সুপারিশ গ্রহণ করতে হবে।
- ০৫। নম্বরপত্র অস্পষ্ট দাখিল করলে সেক্ষেত্রে আপত্তি প্রদান করা যাবে;
- ০৬। নম্বরপত্রে অবশ্যই সত্যায়িত থাকতে হবে। সত্যায়িত না থাকলে সেক্ষেত্রে আপত্তি প্রদান করা যাবে;
- ০৭। ৬ষ্ঠ থেকে এইচ.এস.সি পর্যন্ত কেউ যদি জিপিএ ও পয়েন্ট এর কম এবং ভুল তথ্য প্রদান করে তবে তার আবেদন বাতিল হবে।
- ০৮। যদি আবেদনকারী ফলাফলের স্থানে Promoted লিখে আর মার্কশীটে তার নম্বর কম থাকে সেক্ষেত্রেও তার আবেদন বাতিল বলে গন্য হবে; তবে প্রত্যয়নপত্র দিলে আবেদন গ্রহণযোগ্য হবে;
- ০৯। অনার্স/ মাস্টার্স/মেডিকেল কলেজ/ ইঞ্জিনিয়ারিং/ কৃষি (১ম/ ২য়/ ৩য়/ ৪র্থ/ ৫ম বর্ষ) অধ্যয়নের ক্ষেত্রে যদি ফলাফল Promoted সিলেক্ট করে সেক্ষেত্রে আবেদনটি গ্রহণযোগ্য হবে।
- ১০। অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ ইউজারগণ ১৬/০৫/২০২২ হতে ৩০/০৫/২০২২ তারিখের মধ্যে প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয় যাচাই-বাছাই করে প্রতিপূর্ণ আবেদনে আপত্তি প্রদান করবে। আবেদনকারীগণ ০১/০৬/২০২২ থেকে ০৫/০৬/২০২২ তারিখের মধ্যে আপত্তি-নিষ্পত্তি করতে পারবেন।


১৯/০৫/২০২২

(রুমানা ইয়াসমিন)

উপপরিচালক (উন্নয়ন)

ফোন: ০২২২২২২৬৮৪৫

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/ সিলেট/খুলনা/বরিশাল/ময়মনসিংহ;
- ০২। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। (বিষয়টি মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৩। পরিচালক (উন্নয়ন) এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। (বিষয়টি পরিচালক (উন্নয়ন) মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। অফিস কপি।